



### ইউজিসি স্বর্ণপদক প্রদান নীতিমালা

০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর এর মধ্যে প্রকাশিত মৌলিক ও গবেষণা ভিত্তিক প্রবন্ধ এবং পুস্তকের জন্য প্রতি বছর একবার নিম্নোক্ত বিভাগ/শাখায় নির্দিষ্ট সংখ্যক ইউজিসি স্বর্ণপদক প্রদান করা হবে।

#### ১। পুস্তক বিভাগ :

- (ক) যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের পাঠ্য পুস্তকের জন্য ২টি
- (খ) যে কোন বিষয়ে উচ্চশিক্ষা সম্পর্কিত গবেষণামূলক/পর্যালোচনামূলক পুস্তকের জন্য ১টি

#### ২। খ্যাতিসম্পন্ন জার্নালে প্রকাশিত Peer Reviewed প্রবন্ধের জন্য নিম্নোক্ত বিভিন্ন শাখায় মোট ২০টি :

- (১) কলা : ১টি
- (২) চারুকলা : ১টি
- (৩) আইন ও শিক্ষা : ১টি
- (৪) সামাজিক বিজ্ঞান : ২টি
- (৫) বিজনেস স্টাডিজ : ১টি
- (৬) জীববিজ্ঞান : ৩টি
- (৭) বন, কৃষি ও পরিবেশ বিজ্ঞান : ২টি
- (৮) ভৌত বিজ্ঞান : ২টি
- (৯) গাণিতিক : ১টি
- (১০) প্রকৌশল ও প্রযুক্তি : ২টি
- (১১) চিকিৎসা বিজ্ঞান : ২টি
- (১২) ফার্মাসিউটিক্যাল : ১টি
- (১৩) স্থাপত্য ও পরিকল্পনা : ১টি

৩। পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষক ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। তাঁকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে।

৪। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্ধারিত প্রোফর্মায় আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। পুস্তকের জন্য ৪ কপি এবং প্রবন্ধের জন্য প্রকাশনার সফট কপিসহ ৪ কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৬। শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনা কর্ম এবং Review Article (পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক) স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না।

৭। দেশীয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণাকর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেয়া হবে।

৮। ডিগ্রি অর্জনের জন্য গবেষণা কর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তক ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না।

৯। যৌথ প্রকাশনার ক্ষেত্রে কেবল মাত্র প্রধান গবেষক Co-authorদের সম্মতিসহ আবেদন করতে পারবেন। পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে।

১০। একজন আবেদনকারী একই বিভাগে একের অধিক আবেদন করতে পারবেন না। একের অধিক আবেদন করলে তাঁর সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১. সকল আবেদনকারীকে বিগত ৫ বছরের প্রকাশনার তালিকা যথাযথ রেফারেন্স আবেদনের সাথে দাখিল করতে হবে।
১২. ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদনকারী এই স্বর্ণপদক সংক্রান্ত কোনো কর্মকাণ্ডের সঙ্গে সংশ্লিষ্ট হতে পারবেন না।
১৩. আবেদনকারীকে আবেদন করার সময় (অনধিক ১৫০) শব্দের মধ্যে প্রকাশনার সারসংক্ষেপের হার্ড এবং সফট কপি (বাংলা ও ইংরেজিতে) জমা দিতে হবে।
১৪. চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ দাখিল করতে হবে।
১৫. স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ বছরের পোর্ট ফলিও জমা দিতে হবে।
১৬. দু'জন বিশেষজ্ঞের প্রদত্ত নম্বরের পার্থক্য যদি ২০ এর অধিক হয় তবে তা বিশেষজ্ঞের মতামত নিতে হবে। সেক্ষেত্রে ৩য় বিশেষজ্ঞ প্রদত্ত নম্বরের কাছাকাছি।
- ১৭। একজন আবেদনকারী সর্বোচ্চ ২ (দুই) বার ইউজিসি স্বর্ণপদক এর জন্য বিবেচিত হতে পারে।
- ১৮। উপদেষ্টা কমিটি আবেদনপত্রসমূহ মূল্যায়নের নিমিত্ত প্রতিটি শাখার জন্য ৩ থেকে ৫ সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠন করবেন। উপ-কমিটি প্রয়োজনে অনধিক দু'জন সদস্য কো-অপট করতে পারবেন।
- ১৯। ইউজিসি স্বর্ণপদক Advisory কমিটি কর্তৃক প্রাথমিকভাবে বিবেচিত আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট উপ-কমিটিতে প্রেরণ করা হবে। উপ-কমিটির আহ্বায়কগণ নির্দিষ্ট সময়সীমার মধ্যে ইউজিসি-তে সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ২০। প্রতিটি উপ-কমিটি নিজ নিজ শাখার জন্য একটি আলাদা মেধা তালিকা প্রণয়ন করে পরবর্তী Advisory কমিটিতে উপস্থাপন করবেন। Advisory কমিটি প্রতিটি শাখার বিজয়ী চূড়ান্ত করবেন।
২১. আবেদনকারীকে আবেদন করার সময় (অনধিক ২০০) শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন বৃত্তান্তের হার্ড এবং সফট কপি (বাংলা ও ইংরেজিতে) এবং সাম্প্রতিক কালের তোলা ২ কপি রঙ্গিন ছবিসহ জমা দিতে হবে।
- ২২। কোন বছর কোন বিভাগ/শাখায় উপযুক্ত মানের প্রকাশনা পাওয়া না গেলে সে বিভাগ/শাখায় স্বর্ণপদক প্রদান করা হবে না।
২৩. পাঠ্য পুস্তকের ক্ষেত্রে:
  - ক. পুস্তকটি দেশের কোন কোন বিশ্ববিদ্যালয়ে পড়ানো হচ্ছে তার একটি তালিকা আবেদনকারীকে প্রমাণপত্রসহ দাখিল করতে হবে।
  - খ. কোন রি-প্রিন্ট গ্রহণযোগ্য হবে না। যে বছর ইউজিসি স্বর্ণপদক প্রদান করার জন্য আবেদন আহ্বান করা হবে পুস্তকের প্রকাশনা কাল সে বছরের হতে হবে।
২৪. প্রবন্ধের ক্ষেত্রে:
  - ক. প্রবন্ধটি কোথায়, কবে, কোন বিশ্ববিদ্যালয় থেকে, কোন জার্নালে এবং কোন প্রকাশনা সংস্থা কর্তৃক প্রকাশিত হয়েছে তার (ওয়েব সাইট, ফোন, ই-মেইল, ফ্যাক্স, হালনাগাদ ইমপ্যাক্ট ফ্যাক্টর ও উদ্ধৃতি ইত্যাদি) বিবরণ দিতে হবে।
  - খ. অন-লাইন প্রকাশনা গ্রহণযোগ্য নয়।
- ২৫। প্রবন্ধের জন্য প্রত্যেক স্বর্ণপদক প্রাপ্তকে নগদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং পুস্তকের জন্য ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা প্রদান করা হবে। তাছাড়াও প্রত্যেক স্বর্ণপদক প্রাপ্তকে ২২ ক্যারট মানের ১০ গ্রাম (আনুমানিক) খাঁটি স্বর্ণ সম্বলিত একটি স্বর্ণপদক প্রদান করা হবে।
- ২৬। ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে উপদেষ্টা কমিটি যে কোন সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ ওমর ফারুক  
অতিরিক্ত পরিচালক  
গবেষণা সহায়ক ও প্রকাশনা বিভাগ  
এবং  
সদস্য-সচিব  
ইউজিসি স্বর্ণপদক প্রদান নীতিমালা কমিটি ২০১৮

প্রফেসর ড. দিল আফরোজা বেগম  
সদস্য, ইউজিসি  
এবং  
আহ্বায়ক  
ইউজিসি স্বর্ণপদক প্রদান নীতিমালা কমিটি ২০১৮